## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



মহারাজা, রাজা, মহামহোপাধ্যায় পণ্ডিত, উচ্চ রাজকর্ম্মচারী ও বহু অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

### সোণামুখী কেশ তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট গুণে ও গন্ধে অতুলনীয়।
মূল্য প্রতি শিশি ১৲ এক টাকা।

### শ্যামা দন্তমঞ্জন

দন্ত রোগের মহৌষধ। মূল্য প্রতি শিশি ৷৷০ আনা।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড)
সোণামুখী ভবন, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)



৩৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৭ই ফাল্গুন বুধবার ১৩৫৬ ইংরাজী 1st Mar. 1950 | ৩৯শ সংখ্যা



সাবানের সেরা

## রায়সন সাবান

ব্যবসাদারদের জন্য বিশেষ ব্যবস্থা আছে।
পরীক্ষা প্রার্থনীয়।

বিনীত—
রায়সন কেমিক্যাল কোং
খাগড়া
(পুরাতন পোষ্ট অফিসের গলি)

## বরফ

বাজারে বাহির হচ্ছে
স্থানীয় এজেন্সীর
ও
অন্যান্য সর্তাবলীর জন্য
খোঁজ লউন।

বিনীত—
বহরমপুর আইস্ কোং
খাগড়া
(পুরাতন পোষ্ট অফিসের গলি)

## ৪২এর অধ্যায়—

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে "হিন্দুস্থান" এর বিচিত্র ও বিস্ময়কর ইতিহাসে আর একটি উজ্জ্বলতর নূতন অধ্যায় সংযোজিত হইল। ইহা একদিকে যেমন হিন্দুস্থানের অবিচ্ছিন্ন বহুমুখী জনসেবার পরিচয় প্রদান করে, অপর দিকে তেমনি তাহাদের আর্থিক উন্নতি সাধনের সহায়ক হিসাবে জনসাধারণ এই প্রতিষ্ঠানের উপর কতখানি আস্থাবান ও নির্ভরশীল তাহারও প্রমাণ পাওয়া যায়। এই আস্থা ও নির্ভরশীলতা যে উত্তরোত্তরই বৃদ্ধি পাইতেছে, সোসাইটির গত ১৯৪৮ সালের হিসাব-নিকাশেই তাহার নিদর্শন পাওয়া যায়:—

| | |
|---|---|
| নূতন বীমা | ১৩,১৮,৫৭,২৫৮৲ |
| মোট চলতি বীমা | ৬৩,৪২,২৬,৯৫৯৲ |
| প্রিমিয়ামের আয় | ২,৯৫,৮০,৪৫৪৲ |
| বীমা তহবীল | ১২,০৭,২০,৪৬১৲ |
| মোট সম্পত্তি | ১৩,৪১,৫১,০০৭৲ |
| প্রদত্ত ও দেয় দাবীর পরিমাণ (১৯৪৮) | ৬৭,৭১,৪৪৬৲ |

### হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

১৭ই ফাল্গুন বুধবার সন ১৩৫৬ সাল।

# আবেদন-নিবেদন-এর বেদন

—:০:—

অন্নবস্ত্রের অভাব যে দেশে, সে দেশের অধিবাসীরা সরকারের নিকট তাহাদের অভাব দূর করার আশায় আবেদন নিবেদন চিরদিনই করিয়া আসিতেছে। সরকারের প্রতি বৎসরের বাজেটের দিকে দৃষ্টিপাত করিলে, দেখা যায়—কোটি কোটি টাকা ঘাটতি। সকলের আবেদনে কর্ণপাত বা দৃষ্টিপাত করিয়া, প্রত্যেকের প্রার্থনা পূর্ণ করিতে সরকার চিরদিনই অক্ষম। যদিও বা কোন লোকহিতকর কার্য্য অবশ্য কর্ত্তব্য—এই ধারণায় সে কার্য্য সম্পন্ন করার সুমতি সরকারের হইলে, তাহার উদ্যোগ আয়োজন করিতে সময় ও অর্থের সদ্ব্যবহার যাহা হয় তাহা অনেকেরই অবিদিত নহে। যে অর্থ বরাদ্দ করা হয়, আসর জমাইতেই তাহার অর্দ্ধেক নিঃশেষ হইয়া যায়। প্ল্যান, এষ্টিমেট, টেণ্ডার ডাকা, কণ্ট্রাক্টর নিয়োগ, ইত্যাদিতে সময়ও অতিবাহিত হয় যথেষ্ট। বরাদ্দ টাকার অতি সামান্য অংশ সেই কল্পিত কর্ম্মে ব্যয়িত হয়। এই সব রাজসিক আয়োজনের ধুমধাম দেখিয়া শুভঙ্করীর মধ্যে পূর্ব্বে যে অঙ্কটী দেওয়া থাকিত—সেইটী মনে হয়

"আছিল দেউল এক বিচিত্র গঠন।
ক্রোধ ভরে ফেলে দিল পবন নন্দন।
অর্দ্ধেক পঙ্কেতে, তার তেহাই সলিলে,
দশম ভাগের ভাগ শেওলার দলে,
উপরে বায়ান্ন গজ দেখি বিদ্যমান—
করহ সুবোধ শিশু দেউল প্রমাণ।"

মঞ্জুরীকৃত টাকার সদ্ব্যবহার এই অঙ্কের মতই হইয়া থাকে।

## ন্যায্য প্রণালী (Proper Channel)

বিধিসম্মত পথে যাতায়াত করিতে আবেদন-নিবেদনের যে সময় লাগে, তাহাতে এক পুরুষে আবেদন করিলে তাহার পর পুরুষে ফল পায় কিনা সন্দেহ। এই ন্যায্য পথের দূরত্ব যে কত তাহা অদ্যাবধি নির্ণীত হয় নাই।

ন্যায্য পথ ( প্রপার চ্যানেল ) সম্বন্ধে একটী গল্প আছে, সেইটী সাধারণকে উপহার দিচ্ছি—

শ্বাসনালীতে খাদ্য বা পানীয় দৈবাৎ প্রবেশ করিলে যে হিক্কা হয়, তাহাকে "বিষম লাগা" বলে। এক রাজা অন্দরে বসিয়া ভোজন করিতেছেন। রাণী উপস্থিত থাকিয়া তদ্বির করিতেছেন। খাইতে খাইতে রাজার বিষম লাগিয়া ভয়ঙ্কর অসোয়াস্তি হইতে লাগিল। রাণী তাড়াতাড়ি মন্ত্রীর নামে একখানা চিঠি লিখিয়া দাসীর মারফতে অন্দরের দারোয়ানের হাতে দিবার বন্দোবস্ত করিলেন। দারোয়ান বেচারা সবেমাত্র দোক্তা লইয়া, টুকরো টুকরো করিয়া, বাম হাতের তালুতে রাখিয়া, চূণ মিশাইয়া, দক্ষিণ হস্তের বৃদ্ধাঙ্গুষ্ঠের শক্তি প্রয়োগ করিয়া, মর্দ্দন আরম্ভ করিয়াছে। দাসী চিঠিখানি দিবামাত্র, বুক পকেটে রাখিয়া, রামগুণানুকীর্ত্তন করতঃ তালে তালে খৈনী দলিতে মলিতে সুরু করিল। খৈনী এ হাত হইতে ও হাতে, ও হাত হইতে এ হাতে, বার কত নাচাইয়া বদনে নিক্ষেপ করার পর, জিহ্বার সাহায্যে নীচেকার ঠোঁটের স্ফীতি উৎপাদনান্তে পচ্ পচ্ শব্দে কয়েক বার নিষ্ঠীবন ত্যাগের পর জরুরী চিঠি লইয়া মন্ত্রী মহাশয়ের আবাসে গমন করিল। মন্ত্রী মহাশয় সবেমাত্র আহারান্তে শয্যায় অঙ্গ বিস্তার করিয়াছেন। অন্দরের দারোয়ান মন্ত্রী-নিবাসের দারোয়ানের হাতে জরুরী চিঠিখানি দিবামাত্র মন্ত্রীর দারোয়ান বলিল—উজীর বাহাদুর আভি আরামখানামে শুতা হায়, আব্ কোন্ উন্‌কো পাশ যায়েগা? ওহি কস্থুরমে রামলগীনা আভি তক সস্‌পিন্ (সাস্‌পেণ্ড) হায়। ছ' বাজে যব্ নিদ্ টুটেগা তব্ দেঙ্গে ভায়ী—আব্ দেকে কাহে নোকরী খিয়াইব? অন্দরের দারোয়ান "রাম রাম" জ্ঞাপনান্তে স্বস্থানে প্রত্যাবর্ত্তন করিল।

মন্ত্রী মহাশয় সন্ধ্যার পর চিঠি পাইয়া সহকারী মন্ত্রী মহাশয়কে ডাকিয়া পাঠাইলেন। সহকারী মন্ত্রী মহাশয়, তখন ইয়ার দোস্ত লইয়া সাহেবী খেলা খেলিতে ব্যস্ত। তাঁহার মেজাজ তাক করিয়া মন্ত্রীর দারোয়ান আদবসে কায়দাসে সেলাম করিয়া পত্রখানি অর্পণ করিল। সহকারী মন্ত্রী পরদিন প্রাতে প্রধান মন্ত্রী মহাশয়ের সহিত সাক্ষাৎ করায় উভয়ের পরামর্শে বিশেষ সভার আহ্বান করা স্থির হইল। রাজসভার সমস্ত সদস্যগণকে আমন্ত্রণ করিয়া সভার অধিবেশন হইল। রাজবৈদ্য ছয় মাসের অবকাশ লইয়া সপরিবারে তীর্থ ভ্রমণে গিয়াছেন। অধিকাংশ সভ্যের ভোটে রাজার মূল্যবান জীবনের ভার অন্য কোন বৈদ্যের হাতে দেওয়া সমীচীন নহে বলিয়া স্থিরীকৃত হইল। রাজবৈদ্য ফিরিয়া আসিলে তাঁহার কাছে ব্যবস্থা মত চিকিৎসা হইবে।

রাজা বাহাদুর বিষম লাগার পর জল পান করায় অল্পক্ষণ পরেই নিরাময় হইয়াছেন। ছয় মাস পর যখন রাজবৈদ্য রাজধানীতে আসিলেন, রাণী-মার চিঠি তাঁহার নিকট পৌছিল। তিনি ব্যবস্থা দিয়া পত্র লিখিলেন—বিষম লাগিলে ব্রহ্মতালুতে স.জোরে গোটা কতক থাবা দিলেই আরাম হয়। রাজবৈদ্যের ব্যবস্থা ঘুরিতে ঘুরিতে অন্দরে রাণী-মার হাতে আসিল।

আজ রাজার সম্বন্ধী অর্থাৎ রাণী-মার বড় দাদা আসিয়াছেন। রাজা অন্দরে শ্যালকের সহিত পাশা খেলিতেছেন। রাণী-মা সেখানে উপস্থিত হইয়া রাজবৈদ্যের ব্যবস্থানুসারে রাজার মাথার ব্রহ্মতালুতে কয়েকটা চাটি মারিলেন। রাণী-মার স্বামী ও দাদা উভয়েই স্তম্ভিত হইয়া, কারণ জিজ্ঞাসা করায় রাজবৈদ্যের ব্যবস্থা দেখিয়া জরুরী চিঠির তৎপরতা দর্শনে পরম প্রীত হইলেন। রাজার বিষম লাগার ব্যবস্থার ভাগ্যে যখন এই— তখন রামা শ্যামার চিঠির দশা যে কি হয়, তাহা সহজেই অনুমেয়।

সম্প্রতি আবেদন নিবেদনের অপেক্ষা না করিয়া, স্বাবলম্বী হইয়া, নিজেদের খাদ্য পরিধেয়ের সমস্যা সমাধানকল্পে যে জলন্ত দৃষ্টান্ত জঙ্গিপুর মহকুমার ফরাক্কা থানার সন্দল খাল খনন করিয়া, সেখানকার পল্লীবাসী কৃষকগণ দেখাইয়াছেন, তাহা সর্ব্বদেশীয় আপামর জনসাধারণের অনুকরণীয়। যে সকল মহকুমা কৃষিকর্ম্মচারিবৃন্দ এই সকল নিরক্ষর কৃষক ও শ্রমিকগণকে এই মহৎ কার্য্যে প্রেরণা ও উৎসাহ

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৩ই মার্চ্চ ১৯৫০

### ১৯৪৯ সালের ডিক্রীজারী

৮৬২ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং উত্তম মণ্ডল দিং দাবি ১৯৷৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে এনায়েতনগর ১৮ শতকের কাত ২৸৵৩ আঃ ৮৲ খং ১২

৮৬৫ থাং ডিঃ ঐ দেং উসমান সেখ দিং দাবি ১২৷৯ মৌজাদি ঐ ১১ শতকের কাত ১৶০ আঃ ৪৲ খং ১৩

৮৬৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৯৸৵০ মৌজাদি ঐ ১-২০ শতকের কাত ৫৷৵০ আঃ ১৫৲ খং ৯১

৮৬৬ থাং ডিঃ ঐ দেং মহামদিন সেখ দাবি ৩৫৷৩ থানা ঐ মৌজে দেউলি ৯৮ শতকের কাত ৫৶০ আঃ ১৫৲ খং ২১৯

৮৬৩ থাং ডিঃ ঐ দেং গোবিন্দলাল দাস দিং দাবি ১০৯৸৵৩ থানা সুতী মৌজে আহিরণ দিং ৩-৮ শতকের কাত ১৬৷২ আঃ ৪০৲

৮৬৪ থাং ডিঃ ঐ দেং গৌরীপদ ওরফে গৌরী চরণ চৌধুরী দাবি ১৭৮৵৩ থানা ঐ মৌজে বসন্তপুর ১৭-৬৮ শতকের কাত ৩৮৸৵৯ আঃ ৯৫৲ খং ২৫

৮৫৯ থাং ডিঃ শিবরাণী দেবী দেং রাজিয়াতুন বিবি দাবি ৫৬৷৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ১-৬৩ শতকের কাত ১১৷৩ পাই আঃ ১০৲ খং ১৫৬৩

৮৬৮ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং আব্বাস আলি বিশ্বাস দিং দাবি ৯৭৸৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাবুপুর ও কুলগাছি ১১-২ শতকের কাত বৃদ্ধিসহ ৩৪৷৷৴১০ আঃ ২০৲ খং ২৯, ৮৭ রায়ত স্থিতিবান

৮৪০ থাং ডিঃ অজিতকুমার রায় দিং দেং জাফর সেখ দিং দাবি ২২৸৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে দোনোলিয়া ৪২ শতকের কাত ১৷৷৴১ আঃ ৫৲ খং ২৩৯

৮৪২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪১৶৩ মৌজাদি ঐ ২-৪ শতকের কাত ৭৷০ আঃ ১০৲ খং ২৪০

৮৪১ থাং ডিঃ ঐ দেং ফেলু দাসী দাবি ১৫৷৯ থানা ঐ মৌজে তেঘরী ৭ শতকের কাত ৸৵১০ আঃ ৫৲ খং ৩৭৩

৮৩৩ থাং ডিঃ বিবি আমাতুস সুফিয়া দিং দেং হেমবরণী দাসী দাবি ৪৫৷৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে উমরপুর ২-১২ শঃ এর কাত ৬৷৷৵৯ আঃ ১০৲ খং ২১৪

৮৩৪ থাং ডিঃ ঐ দেং উদয়চাঁদ দাস দিং দাবি ৭৮৷৬ থানা সুতী মৌজে বসুনপুর ২-৪৪ শতকের কাত ৬৷৵৭৷০ আঃ ১০৲ খং ২২১

৮৪৮ থাং ডিঃ ঐ দেং খুদিরাম মিশ্র দিং দাবি ৩২৸৶৩ থানা ঐ মৌজে ফতেউল্লাপুর ১।০ বিঘার কাত ১৵৩৸০ আঃ ৫৲ জমি নদীগর্ভে থাকায় সেটেলমেণ্ট হয় নাই।

৩২৮ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং তালিমন বিবি দিং দাবি ৫১৸৬ থানা সুতী মৌজে মহেশাইল ২-১৯ শতকের কাত ৭৸০ আঃ ২০৲

৫১৩ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং চারুচন্দ্র মণ্ডল দিং দাবি ১২৶৯ থানা সুতী মৌজে নাজিরপুর ১৬ শতকের কাত ৷৷৴৩ আঃ ৫৲ খং ১৭

৬৭০ থাং ডিঃ পাঁচকড়িলাল দাস দেং রাধারমণ হালদার দাবি ১৬৷৬ থানা সুতী মৌজে আলমপুর ১২ শতকের কাত ১৶১০ আঃ ১৫৲ খং ২৬৯

৮৬০ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং সত্যবতী দেবী ঘোষাল দাবি ২৪৷৷৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ১৭ শতকের কাত ১১৷৶ আঃ ২০৲ খং ৫১০

৬৭৮ থাং ডিঃ একজিকিউটার কুমার জ্ঞানেন্দ্র নারায়ণ সিংহ দিং দেং তালেব সেখ মৃতান্তে ওয়ারিশ পুত্র সেখ সাদিরুদ্দিন দিং দাবি ৬৮৷০ থানা সুতী মৌজে হোসেনপুর ১-৮৪ শতকের কাত ৬৸৶০ আঃ ৪০৲ খং ১১ রায়ত স্থিতিবান

৬৭৯ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দেং জয়লাল মণ্ডল দিং দাবি ৭৫৴০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদেবপুর ও রামেশ্বরপুর ৫-২২ শতকের কাত ১৭৷৷০ আঃ ২৫৲ খং ২৮৫ রায়ত স্থিতিবান

৮৫০ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং সিদ্দিক বিশ্বাস দিং দাবি ১৬৸৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মহাম্মদপুর ৬৭ শতকের কাত ২৷৵০ আঃ ৮৲ খং ৪

৮৪৪ থাং ডিঃ অশ্বিনীকুমার সরকার দেং লাল-মহম্মদ সেখ দাবি ৩৩৷৴৩ থানা সুতী মৌজে ফতেপুর ৯৴০ বিঘার কাত ৪৷৷০ আঃ ২৫৲

৮৪৬ থাং ডিঃ ঐ দেং নুরমহাম্মদ মণ্ডল দিং দাবি ২০৷৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে উমরপুর ৩-৩৯ শতকের কাত ১৩৷২৷৷ আঃ ৮৲ খং ১০৫

৮২৩ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং জোনাবালি মণ্ডল দাবি ৬০৷৴৬ থানা সুতী মৌজে লোকাইপুর ৩০৮৷৷০ শতকের কাত ৮৸৴২ আঃ ২৫৲ খং ১১৬

৮৫৫ থাং ডিঃ হরিশচন্দ্র মুখোপাধ্যায় দিং দেং বনশোভিনী দেবী দাবি ১১১৷৶৯ থানা সুতী মৌজে হিলোড়া ২-৯৯ শতকের কাত ১৮৵১ আঃ ৫০৲ খং ২৫৯৪ রায়ত মোকররী স্বত্ব

৭২৭ থাং ডিঃ উমানাথ সিংহ দেং সুদর্শন সাহা নাবালক দিং পক্ষে অলি মামা নারায়ণচন্দ্র সাহা দাবি ৭৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ৪৫ শতকের কাত ২৵০ আঃ ১০৲ খং ২৫৬ স্বত্ব রায়ত স্থিতিবান

৮০৭ থাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং নাথু মণ্ডল দিং দাবি ৬৮৸৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে জগদানন্দবাটী ১-৬৮ শতকের কাত ৯৷৴০ আঃ ১০৲ খং ৬৩ অধীনস্থ খং ৬৪, ৬৫ রায়ত স্থিতি-বান স্বত্ব

৮১১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪০৷৵০ থানা ও মৌজে ঐ ১-৭১ শতকের কাত ৯৸৴১০ আঃ ১০৲ খং ৫৪ রায়ত স্থিতিবান

৮২৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৯৸৶৬ মৌজাদি ঐ ১-৩১ শতকের কাত ৮৷৴০ আঃ ১০৲ খং ৬১ অধীনস্থ খং ৬২ রায়ত স্থিতিবান

৮১০ থাং ডিঃ ঐ দেং উমেশ মণ্ডল দিং দাবি ১২৩৷৷৵০ মৌজাদি ঐ ৬-৫১ শতকের কাত ২১৸৵৬ আঃ ২০৲ খং ২৪ ঐ স্বত্ব

৮১২ থাং ডিঃ ঐ দেং অমলকুমার নাথ দিং দাবি ১৯৭৷৵৬ থানা ঐ মৌজে চরকা ২৫-৮৮ শত-কের কাত ৬৬৵১০ আঃ ৪০৲ খং ২৪৭ অধীনস্থ খং ২৪৮ হইতে ২৫২ ও ২৫৫ হইতে ২৬৬ ও ২৬৯ হইতে ২৭২ ও ২৭৮ হইতে ২৯৪ ঐ স্বত্ব

৮১৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬১৸৶৩ থানা ঐ মৌজে সুজাপুর ২৬-৮৮ শতকের কাত ৫১৸৵১১ আঃ ২৫৲ খং ২৪১ অধীনস্থ খং ২৪২, ২৭৩, ২৭৫, ২৭৬, ২৭৭, ২৪৩ হইতে ২৭২ ঐ স্বত্ব

৮১৫ থাং ডিঃ ঐ দেং সন্তোষকুমার বন্দ্যোপাধ্যায় দিং দাবি ৫৯৶৬ মৌজাদি ঐ ৪-৩২ শতকের কাত ১১৴০ আঃ ১০৲ খং ১১১ রায়ত স্থিতিবান

৮১৬ থাং ডিঃ ঐ দেং রজনী মণ্ডল দিং দাবি ৪৩৷৴৬ মৌজাদি ঐ ১-৬০ শতকের কাত ১১৷৷৶৬ আঃ ১০৲ খং ১৭৪ রায়ত স্থিতিবান

৮০৮ থাং ডিঃ ঐ দেং পুলিন মণ্ডল দিং দাবি ৪৩৸৶০ মৌজাদি ঐ ৫-৩৫ শতকের কাত ১৩৸৴১১ আঃ ১০৲ খং ১৮৫ রায়ত স্থিতিবান

৮১৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪২৸৴০ থানা ঐ মৌজে জাঠিয়া ৪-৪৪ শতকের কাত ১২৷৴৭ আঃ ১০৲ খং ৩২৬ রায়ত স্থিতিবান

৮০৯ থাং ডিঃ ঐ দেং প্রিয়বালা দাসী দিং দাবি ৬৬৷৶০ মৌজাদি ঐ ৩-৪৭ শতকের কাত ৭৷৷৵৩ আঃ ১০৲ খং ৬২ ঐ স্বত্ব

৮১৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৩৷৷৬ মৌজাদি ঐ ২-৯৮ শতকের কাত ৭৷৵৮ আঃ ১০৲ খং ৫৯ ঐ স্বত্ব

৮২৬ থাং ডিঃ ঐ দেং রামসিংহাসন ভকত দাবি ৩৯৴৬ থানা ঐ মৌজে রমাকান্তপুর ৪-২২ শতকের কাত ১৫৸৴০ আঃ ১০৲ খং ১৪৪ ঐ স্বত্ব

১৪০ থাঃ ডিঃ শ্যামাপদ রায় দেং গোপেন মণ্ডল দিং দাবি ৫০॥৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুরা ৪-৯৭ শতকের কাত ১৪৫ আঃ ২৫৲ থং ১১৫ রায়ত স্থিতিবান

১৪১ থাঃ ডিঃ ঐ দেং মণীন্দ্রনাথ রায় দিং দাবি ১০৫৯ মৌজাদি ঐ ২-৯০ শতকের কাত ৭৷৴০ আঃ ৫৲ থং ২২০ ঐ স্বত্ব

২২ মনি ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং মনোহর দাস মহান্ত দাবি ৮৩৪৫৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিয়ারাপুর জে, এল নং ৬৮, রেঃ, সাঃ নং ৯৬ থং ১থ, ১গ, ১ঙ ১চ ২নং লাট থানা ঐ মৌজে কৃষ্ণসাইল জে, এল, নং ৭৬, রেঃ, সাঃ, নং ১৮, থং ১খ, ১গ, ১ছ, ১জ ৩নং লাট থানা ঐ মৌজে শিমুলতলা জে, এল, নং ৬৪, রেঃ, সাঃ, নং ১৬, ১৭ থং ১থ, ১গ ১ঙ, ১জ ৪নং লাট থানা ঐ মৌজে খড়কাটা জে, এল, নং ৬৩, রেঃ, সাঃ, নং ১৫১৯ থং ১খ, ১গ, ১ঙ, ১জ ৫নং লাট থানা ঐ মৌজে ভাবকী জে, এল, নং ৬৫, রেঃ, সাঃ, নং ৯৫, থং ৭৫খ, ৭৫গ, ৭৫ঙ, ৭৫জ ৬নং লাট থানা ঐ মৌজে আইটলঘাটা জে, এল, নং ৭৯, রেঃ সাঃ নং ২২, থং ১থ, ১গ, ১ছ, ১জ ৭নং লাট থানা ঐ মৌজে আম্রকনগর জে, এল, নং ৭৭ রেঃ, সাঃ নং ২৩ থং ১৭৪খ, ১৭৪গ, ১৭৪ছ, ১৭৪জ ৮নং লাট থানা ঐ মৌজে বরজুমলা জে, এল, নং ৬১ রেঃ, সাঃ নং ২০ থং ১থ, ১গ, ১ছ, ১জ উক্ত ৮টী মৌজার আট আনা রকম জমিদারী স্বত্ব মায় খাসখামারী জমি ও প্রজাগণের নিকট খাজনা আদায় সমেত দখলদস্তু হকহকুক ক্রোক ও নিলাম হইবে। বার্ষিক মুনাফা ২০০৲ উক্ত আট আনা রকমের বার্ষিক রেভিনিউ ৮৬৯৷৷২ পাই উহার আঃ মূল্য ৪০০৲ উক্ত রেভিনিউ মুর্শিদাবাদ কালেক্টরীতে দিতে হয়।

৪৭ মনি ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দেঃ গৌরীশঙ্কর সিংহ দিং দাবি ৯৫/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে জাঙ্গপুর ২০ শতকের কাত ৮৲ আঃ ২০৲ থং ৩২৩ দখলকার বসত প্রজা ২নং লাট মৌজাদি ঐ ৭ শতকের কাত ৩৶ আঃ ১০৲ থং ৬২৯ অধীনস্থ থং ৬৩০ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ১২ শতকের কাত ২৵৪ আঃ ১০৲ থং ৬৪৮।৬৫০ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ২ শতকের কাত ১৸৶/১১ আঃ ৫৲ থং ৬৫১ অধীনস্থ থং ৬৫২ ঐ স্বত্ব

৪৭ (এ) মনি ডিঃ এক্‌জিকিউটর কুমার জ্ঞানেন্দ্র নারায়ণ সিংহ দিং দেং বঙ্কবিহারী সাহা দিং দাবি ৫৯/৬ থানা সুতী মৌজে হোসেনপুর ১-৬৯ শতকের কাত ৭।৶৫ আঃ ৫০৲ থং ১০৮ রায়ত মোকররী

৬২ মনি ডিঃ ক্ষিতীন্দ্রনাথ মণ্ডল দেঃ কুন্তীবালা দাসী ওরফে খুদু দাসী নাবালকগণ পক্ষে অণিমাসুন্দরী দাসী দাবি ৩০৮৸/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে আমগাছি ১৳ জমির কাত ১॥৵০ আঃ ২০৲ থং ১৫৭

৪১ মর্গেজ ডিঃ অশ্বিনীকুমার সরকার দেং গোপালচন্দ্র দাস নাবালক পক্ষে কোর্ট গার্জেন দেবেন্দ্রনারায়ণ সরকার দাবি ৪৯৫।/০ থানা সুতী মৌজে সুন্দরপুর ৭৸১।৶/১০ জমির কাত ৮॥৮।০ আঃ ১০০৲ ২নং লাট মৌজাদি ঐ ১।/০ জমির কাত ১॥/১।০ আঃ ২০৲ ৩নং লাট মৌজাদি ঐ ৸২।০ জমির কাত ॥/১০ আঃ ১৫৲ ৪নং লাট মৌজাদি ঐ ১।০ জমির কাত ১।/৭।০ আঃ ২০৲ ৫নং লাট থানা ঐ মৌজে লোকাইপুর ১২৸০ জমির কাত ৯॥/০ আঃ ১০০৲ ৬নং লাট থানা ঐ মৌজে বাহাগলপুর ১০/০ জমির কাত ৫।/০ আঃ ১০০৲

## ১৯৫০ সালের ডিক্রীজারী

১ থাং ডিঃ সেবাইতগণ পক্ষে ভূপেন্দ্রমোহন সরকার কমন ম্যানেজার দেঃ গোপেন্দ্রকৃষ্ণ সেন দিং দাবি ১৭৫৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে গনকর ৪১ শতকের কাত ১৸০ আঃ ৮৲ থং ৭৬৯

২ থাং ডিঃ ঐ দেং সতীশচন্দ্র দাস দিং দাবি ৮৮/০ থানা ঐ মৌজে গনকর দিং ৩-৬৫ শতকের কাত ১৩৶৩ আঃ ৫০৲

৩ থাং ডিঃ ঐ দেং কালীপদ দাস দিং দাবি ৩৭৸/৬ মৌজাদি ঐ ১-৩৪ শতকের কাত ৫॥/৯ আঃ ২৪৲ থং ৭৬৪।৭৭২

৪ থাং ডিঃ ভূপেন্দ্রমোহন সরকার কমন ম্যানেজার দেং চারুবালা দাসী দিং দাবি ৫৪৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে দক্ষিণপাড়া ২-৪৮ শতকের কাত ৮৶০ আঃ ২৫৲ থং ৭৭৭

৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৶৩ থানা ঐ মৌজে পাইকড়া ৬৫ শতকের কাত ১॥০ আঃ ৫৲ থং ২৫

৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬॥৵৩ মৌজাদি ঐ ৩১ শতকের কাত ১৸৶০ আঃ ৮৲ থং ১৫

৬ থাং ডিঃ ঐ দেং জয়নাল আবেদিন বিশ্বাস দিং দাবি ১৫৸/৬ থানা ঐ মৌজে ধলো ৫৫ শতকের কাত ১॥/৬ আঃ ৮৲ থং ১২৫, ১২৭

৮ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ সাহা দিং দাবি ২৩/৩ থানা ঐ মৌজে নূতনগঞ্জ ১-১ শতকের কাত ৩।/৯ আঃ ১৫৲ থং ১৭৯

৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪।/৯ মৌজাদি ঐ ১-৪০ শতকের কাত ৩॥/২ আঃ ১৮৲ থং ১৫৪

১১ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং সুব্রত মণ্ডল দিং দাবি ৯৮৸৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে নবাবজায়গীর ও জোতসুন্দর ৮-৩৬ শতকের কাত ২০৸৶০ আঃ ২৫৲ থং ৭৩, ৩০৭ রায়ত স্থিতিবান

১৩ থাং ডিঃ ঐ দেং জানমহম্মদ মণ্ডল দিং দাবি ২৭৸৩ থানা ঐ মৌজে কুলগাছি ২-৯৫ শতকের ৳ অংশের কাত ৮ /৯ আঃ ৫৲ থং ৯৩ ঐ স্বত্ব

১৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৫৸/৩ মৌজাদি ঐ ২-৬৬ শতকের ৳ অংশের কাত ১১৶/১১ আঃ ৫৲ থং ৯২ ঐ স্বত্ব

১২ থাং ডিঃ মাখনময়ী দাসী দেং অহিভূষণ সেন দিং দাবি ২৫॥৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাধুয়া ৭-৬৮ শতকের কাত ২৪৲ আঃ ১০৲ থং ৭৩ রায়ত মোকররী স্বত্ব

৩২ থাং ডিঃ কণিকারাণী দেবী দেং শশাঙ্কশেখর সরকার দিং দাবি ১২॥৶৯ থানা সুতী মৌজে মহেশাইল ৩৮ শতকের কাত ৸/৮ আঃ ৫৲ থং ৯২৮ রায়ত স্থিতিবান

৩৩ থাং ডিঃ ঐ দেং হাকিমুদ্দিন বিশ্বাস দিং দাবি ২০৸০ থানা ঐ মৌজে শঙ্করপুর ৪৭ শতকের কাত ৸/১ আঃ ৫৲ থং ১২০ ঐ স্বত্ব

৩৪ থাং ডিঃ কুমার পদমসিংহ দুধোরিয়া দিং দেং হাজি আলিম মণ্ডল দিং দাবি ২৮৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলগাছি ২-২৮ শতকের কাত ১১৸৶৬ আঃ ২০৲ থং ৩৬ রায়ত স্থিতিবান

২০ থাং ডিঃ রাজা রাও ধীরেন্দ্রনারায়ণ রায় দিং দেং উদয়চন্দ্র সাহা দাবি ১৭৸৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেখালপুর ২/০ জমির কাত ২৫৬ আঃ ১০৲ প্রকাশ থাকে যে সেটেলমেণ্ট কালে উক্ত জমি পদ্মা নদী গর্ভে থাকায় সেটেলমেণ্ট হয় নাই।

২১ থাং ডিঃ ঐ দেং সামসুদ্দিন আহাম্মদ দাবি ২১৸৶০ মৌজাদি ঐ ৭৯ শতকের কাত ২॥৶০ আঃ ১৫৲ থং ৩২

২২ থাং ডিঃ ঐ দেং উদয়চন্দ্র সাহা দাবি ২৪৸৵৩ মৌজাদি ঐ ৩।২॥ জমির কাত ৩৶৬ আঃ ২০৲ প্রকাশ থাকে যে সেটেলমেণ্ট কালে উক্ত জমি পদ্মা নদী গর্ভে থাকায় সেটেলমেণ্ট হয় নাই।

২৩ থাং ডিঃ ঐ দেং মহাদেবচন্দ্র রায় দাবি ৩০৸৬ মৌজাদি ঐ ১-৪২ শতকের কাত ৪৶৪ আঃ ২৫৲ থং ৩১৫

১৭ থাং ডিঃ প্রহ্লাদচন্দ্র দাস দিং দেং রাখালচন্দ্র দাস দিং দাবি ২২।৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে গনকর ।০ কাঠার কাত ২৲ আঃ ১০৲ থং ১৬০ কোর্ফা স্বত্ব

৩১ থাং ডিঃ কমলরঞ্জন সিংহ দিং দেং বিবিজান বিবি দিং দাবি ১১॥৶৬ থানা সুতী মৌজে গাড়িয়া ৫ শতকের কাত ৸০ আঃ ৫৲ থং ১৬৯

---

দিয়া, ত্রেতাযুগের রামচন্দ্রের কাঠবেড়ালী দিয়া সমুদ্র বন্ধনের প্রচেষ্টার নিদর্শন এই ঘোর কলিকালেও দেখাইতে সক্ষম হইয়াছেন, তাঁহাদের সংখ্যা যত বাড়ে, দেশের পক্ষে ততই মঙ্গল। তথাকথিত স্বাধীনতা লাভের পর ধনী লোকের বাগানবাড়ীর,—ফুলও হয় না ফলও হয় না, এমন পাতাবাহারের মত দর্শনধারী মোটা বেতনের কর্ম্মচারীর সংখ্যা কমাইয়া, এই শ্রেণীর কর্ম্মচারীর সংখ্যা বৃদ্ধি দেশের পক্ষে মঙ্গলজনক।

যাদের ডান হাত বাঁ হাত জ্ঞান নাই, নিজের গরুকে শালার গরু বলে, তাদের শক্তি ফল্গু নদীর মত অন্তঃসলিলা। একটু খুঁড়লে যেমন ফল্গুতে জল বাহির হয়, এদের একটু "সাবাস্ রে মোর ভাইরে!" বললেই অসাধ্য সাধন ক'রে ফেলে। বাঙলায় এই জাতীয় লোকের সংখ্যাই বেশী। এদের স্বাবলম্বী হওয়ার জন্য যাঁরা উৎসাহ দেন তাঁহারাই দেশের প্রকৃত হিতাকাঙ্ক্ষী। তাঁহারাই আবেদনের বেদন কি তাহা বোঝেন।

---

## প্রচলিত একটী প্রবাদ বাক্য

বেকুব নম্বর এক—
যিস্‌কো দো জেনানা দেখ।

বেকুব নম্বর দুই—
রাস্তা কিনারমে ভুঁই।

বেকুব নম্বর তিন—
ঋণ কর্‌কে দেয় ঋণ।

বেকুব নম্বর চার—
মোদীসে লেয় ধার।

বেকুব নম্বর পাঁচ—
বর্ত্তন কিনে কাঁচ।

বেকুব নম্বর ছয়—
ভায়ী সে জুদা হয়।

বেকুব নম্বর সাত—
মায়ী কো না দেয় ভাত।

বেকুব নম্বর আট—
ক্ষেতমে বুনে পাট।

বেকুব নম্বর নয়—
ধরমকে নাহি ভয়।

বেকুব নম্বর দশ—
ঔরত কী যো বশ।

---

# নোটীশ

মুর্শিদাবাদ জেলায় নিম্নলিখিত রুট সমূহে ষ্টেজ ক্যারেজ পারমিট ইস্থ করার জন্য ১০ জন ব্যক্তির নিকট হইতে দরখাস্ত পাওয়া গিয়াছে :—

(১) বহরমপুর কোর্ট ষ্টেশন হইতে সিভিল কোর্ট, গোরাবাজার, কালেক্টরী আফিস, গ্র্যান্ট হল, খাগড়া, সৈদাবাদ হইতে কাশিমবাজার চ্যারিটেবল ডিস্পেন্সারীর উত্তর সীমানা পর্য্যন্ত—১খানি

(২) বহরমপুর কোর্ট ষ্টেশন হইতে সিভিল কোর্ট গোরাবাজার, কালেক্টরী আফিস, গ্র্যান্ট হল, খাগড়া, সৈদাবাদ, মণীন্দ্র কলোনী, বাঞ্জেটীয়া, ডিষ্ট্রীক্ট বোর্ড আফিস—১খানি

(৩) বহরমপুর হইতে গড়াইমাড়ী ঘাট—১খানি

(৪) বহরমপুর হইতে হেতু ভায়া হরিহরপাড়া, রুকুনপুর, ঝাঁঝা, প্রতাপপুর—১খানি

২। মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন রুটে পাবলিক ক্যারিয়ার (ট্রাক) পারমিট ইস্থ করার জন্য ১০জন লোকের নিকট হইতে দরখাস্ত পাওয়া গিয়াছে।

৩। মুর্শিদাবাদ জেলায় ট্যাক্সি পারমিট ইস্থ করার জন্য ২ জন লোকের নিকট হইতে দরখাস্ত পাওয়া গিয়াছে।

৪। রাধারঘাট কান্দী রুটের পারমিট হোল্ডার জহিরুদ্দিন খাঁ মারা যাওয়াতে তাহার স্ত্রী পারমিট জন্য দরখাস্ত করিয়াছে উক্ত দরখাস্ত বিবেচিত হইবে।

মুর্শিদাবাদ কালেক্টরীর মোটর আফিসের নোটীশ বোর্ডে দরখাস্তগুলি দেখিতে পাওয়া যাইবে। ঐ সমস্ত পারমিট ইস্থ করার বিরুদ্ধে কাহারও যদি কোনও আপত্তি থাকে তবে তাহা ১৯৫০ সালের ২৪শে মার্চ্চ বা তৎপূর্ব্বে নিম্ন স্বাক্ষরকারীর নিকট দাখিল করিতে হইবে। উক্ত তারিখের পর কোনও অভিযোগাদি গ্রাহ্য হইবে না। ১৯৫০ সালের ১লা এপ্রিল তারিখে দরখাস্তগুলি মুর্শিদাবাদ জেলার রিজিওনাল ট্রান্সপোর্ট অথরিটী কর্ত্তৃক বিবেচিত হইবে। ইতি—২৩।২।৫০

স্বাক্ষর—বি, জি, কাঞ্জিলাল, সেক্রেটারী,
রিজিওনাল ট্রান্সপোর্ট অথরিটী মুর্শিদাবাদ
বহরমপুর ম্যাজিষ্ট্রেট আফিস

---

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণের অবগতির জন্য জেলার সহকারী খাদ্যশস্য নিয়ামকের পক্ষ হইতে জেলা প্রচারাধিকারিক জানাইতেছেন।

মুর্শিদাবাদ জেলার বেষ্টনীবদ্ধ এলাকা হইতে তিন সেরের অধিক পরিমাণ ধান্য বা চাউল অন্যত্র লইতে হইলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের অনুমতি-পত্র লওয়া প্রয়োজন।

দুই টাকা মূল্যের নন্-জুডিসিয়াল ষ্ট্যাম্প দাখিল না করিলে উক্ত অনুমতি-পত্র পাওয়া যাইবে না।

এন্, সি, বাগচী
জেলা প্রচারাধিকারিক

---

## বিজ্ঞাপন

মুর্শিদাবাদ জেলা বোর্ডের অধীন গুজারঘাট সকল জেলা বোর্ডের চেয়ারম্যান বাহাদুর কর্ত্তৃক নীলাম ডাকে এক বৎসর মিয়াদে অর্থাৎ ১৯৫০-৫১ সালের জন্য ইজারা বন্দোবস্ত হইবে। নীলামের তারিখ, সময় ও স্থান নিম্নে দেওয়া হইল। বিশেষ বিবরণ বা কোন জ্ঞাতব্য বিষয় জেলা বোর্ড আপিসে অনুসন্ধান করিলে জানিতে পারা যাইবে।

নীলাম কর্ত্তা—চেয়ারম্যান, মুর্শিদাবাদ জেলা বোর্ড
নীলামের স্থান—মুর্শিদাবাদ জেলা বোর্ড আপিস
নীলামের তারিখ—৬ই মার্চ্চ মোতাবেক ২২শে ফাল্গুন ১৩৫৬
নীলামের সময়—বেলা ১২টা হইতে

শ্রীসুরেন্দ্রনারায়ণ সিংহ
চেয়ারম্যান, মুর্শিদাবাদ জেলা বোর্ড।

---


## বিখ্যাত কাটনীর চুণ

যাবতীয় ইমারতি কাজের ও পানে খাওয়ার জন্য উৎকৃষ্ট ১নং পাথর চুণ পাওয়া যায়। নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীপরিমলকুমার ধর
জঙ্গিপুর (ঠাকুরবাড়ীর সন্নিকট)

## বন্থেশ্বর মেলা সমিতির জমা-খরচ

গত ৪।২।৫০ তারিখে আহূত বন্থেশ্বর মেলা সমিতির অধিবেশনের সিদ্ধান্ত মত বন্থেশ্বর ৺শিবরাত্রি মেলায় সংগৃহীত টাকার হিসাব সাধারণের অবগতির জন্য প্রদান করা হইল।

সন ১৩৫৪ সাল

জমা—৭৭॥/০ মঃ সাতাত্তর টাকা নয় আনা মাত্র।

খরচ—১৭৩৶০ মঃ একশত তিয়াত্তর টাকা দুই আনা মাত্র

মোট খরচ—১৭৩৶০ জমা—৭৭॥/০ ঘাট্‌তি—৯৫॥/০

সন ১৩৫৫ সাল

জমা—৬৩।/০ মঃ তেষট্টি টাকা পাঁচ আনা মাত্র।

খরচ—৬৩।১০ মঃ তেষট্টি টাকা সাড়ে চারি আনা মাত্র।

তহবিল—৴১০ দুই পয়সা

বিশেষ দ্রষ্টব্য—গত ১৩৫৪ সালের হিসাবে ৯৫॥/০ আনা ঘাট্‌তি পড়িয়াছে। মেলা সমিতির সহ সম্পাদক শ্রীভোলানাথ দত্ত মহাশয় উল্লিখিত ঘাট্‌তি পূরণ করেন। তজ্জন্য সমিতির পক্ষ থেকে শ্রীভোলানাথ দত্ত মহাশয়কে আন্তরিক ধন্যবাদ জানাইতেছি।

শ্রীক্ষিতীশচন্দ্র সিংহ, সম্পাদক
বন্থেশ্বর মেলা সমিতি। ১০।২।৫০


---

মণ্ডলপুর

## গঙ্গাধর আয়ুর্ব্বেদীয় ঔষধালয়

আমি রামপুরহাট টোলে সংস্কৃত অধ্যয়ন করিয়া স্বনামধন্য কবিরাজ শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ কবিরত্নের নিকট আয়ুর্ব্বেদ শিক্ষা করিয়া স্বগ্রামে এই ঔষধালয় স্থাপন করিয়াছি। এখানে নানাবিধ অরিষ্ট, আসব, তৈল, ঘৃত, চ্যবনপ্রাশ প্রভৃতি শাস্ত্রীয় ঔষধ বিক্রয়ার্থ প্রস্তুত রাখি। বিদেশী রোগিগণের থাকিবার সুব্যবস্থা আছে। গরীব রোগিদিগকে বিনা পারিশ্রমিকে যত্নসহকারে ব্যবস্থা দিয়া থাকি। অল্প সময়ের মধ্যে অনেকগুলি রোগী আমার চিকিৎসায় আরোগ্য লাভ করিয়াছে। পরীক্ষা প্রার্থনীয়।

রেজিষ্টার্ড কবিরাজ শ্রীস্বয়ম্ভুপদ বিদ্যারত্ন
আয়ুর্ব্বেদরত্ন ও বিশারদ
কবিরাজ ৺অবনীশচন্দ্র বিদ্যাবিনোদের পুত্র
মণ্ডলপুর, পোঃ বাড়ালা, মুর্শিদাবাদ।




রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে— শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত